ব্যবসায়ী মখলিছের দাফন সম্পন্ন ,বণিক সমিতি সহ বিভিন্ন মহলের শোক

কানাইঘাট সংবাদদাতা : কানাইঘাট বাজারের বিশিষ্ট ব্যবসায়ী নাবিল ফ্যাশন এর সত্বাধীকারি মখলিছুর রহমান ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি —-রাজিউন)। বৃহস্পতিবার বিকাল ৪ ঘটিকার সময় কানাইঘাট পৌরসভার রহমান মন্জিলে মৃত্যু বরন তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল (৩৬) বছর। ২ ছেলে ১ মেয়ে সহ অসংখ্য আত্মীয় স্বজন রেখে মারা যান মখলিছ।ঐ দিন রাত ৯ টায় তার গ্রামের বাড়ী কানাইঘাট সদর ইউপির বীরদল মাদ্রাসা মাঠে জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। জানাজার নামাজে কানাইঘাট বাজারের ব্যবসায়ী , বিভিন্ন রাজনৈতিক , পেশাজীবি সংগঠন , জনপ্রতিনিধি , শিক্ষকবৃন্দ সহ সর্বস্তরের মানুষ শরীক হন। পরে তার লাশ গ্রামের কবর স্থানে দাফন করা হয়। জানাজা পুর্বে ব্যবসায়ী মখলিছুর রহমান এর স্মৃতিচারন করে অনেকে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এদিকে ব্যবসায়ী মখলিছের মৃত্যুতে শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা এবং মরহুমের আত্মার মাগফিরাত কামনা করে শোক প্রকাশ করেছেন কানাইঘাট বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আলতাফ হোসেন ,সাধারন সম্পাদক আব্দুল হেকিম শামিম ,সাংবাদিক আলা উদ্দিন।

এছাড়া মখলিছুর রহমান এর মৃত্যুর সংবাদ শুনে তার ব্যবসা প্রতিষ্ঠান নাবিল ফ্যাশন মধ্য বাজার সুনালী প্লাজা ব্যবসায়ী মার্কেট বন্ধ করে শোক প্রকাশ করেন এবং আগামী কাল শুক্রবার মার্কেট বন্ধ রাখার ঘোষনা দেন।